



## বিজ্ঞপ্তি

## পরামর্শ

### SEC এবং IAPWC সংক্রান্ত কয়েকটি জ্ঞাতব্য তথ্যঃ

#### SEC এবং IAPWC কোর্স সম্পর্কে কয়েকটি গুরুত্ব পূর্ণ বিষয় নীচে জানানো হলঃ

- SEC কোর্সের ক্রেডিট ৩ এবং পরীক্ষার ফুল মার্কস ৫০ নম্বর।
- IAPWC কোর্সের ক্রেডিট ২ এবং পরীক্ষার ফুল মার্কস ২৫ নম্বর।
- প্রতিটি সেমিস্টারে দক্ষতা বৃদ্ধি মূলক কোর্স (Skill Enhancement Course বা SEC) এর বিষয় পরিবর্তন হবে।
- ছাত্রছাত্রীরা যে বিষয়ে মেজর (Major) পড়ছে, সেই বিভাগ নির্ধারিত SEC কোর্স পড়তে হবে। SEC এর বিষয় মেজরের বিষয় থেকে ভিন্ন হবে না।
- SEC এবং IAPWC দুটি কোর্সেই, কলেজ প্রতিটি ছাত্রছাত্রীর উপস্থিতি নথিভুক্ত (Record of Attendance) করবে এবং প্রতিটি ছাত্রছাত্রীর জন্য Activity Log Book থাকবে। কোর্স সমাপ্তির পর প্রতিটি ছাত্রছাত্রীকে “Certificate of Performance”/ “Certificate of Completion” দেওয়া হবে।

#### SEC এবং IAPWC কোর্স মূল্যায়নের পদ্ধতি (Mechanism of the Evaluation):

- পরীক্ষার দিনে বিশ্ববিদ্যালয় নিয়োজিত একজন External Examiner থাকবেন। সেই পরীক্ষকের সামনে ছাত্রছাত্রীদের কোর্স সমাপ্তির সার্টিফিকেট বা “Certificate of Performance”/ “Certificate of Completion” জমা করতে হবে। এছাড়া পরীক্ষক প্রতি ছাত্রছাত্রীর উপস্থিতির খাতা অর্থাৎ Record of Attendance এবং Activity Log Book পরীক্ষা করবেন। প্রতিটি ছাত্রছাত্রীর ৫০ এর মধ্যে প্রাপ্ত নম্বর উপরের সবকয়টি নথি পরীক্ষা করার পর এবং মৌখিক পরীক্ষা নেওয়ার পর সংশ্লিষ্ট পরীক্ষকগণ ধার্য করবেন।
- উপরোক্ত বিষয়সমূহের পরিপ্রেক্ষিতে সমস্ত ছাত্রছাত্রীদের SEC এবং IAPWC কোর্সগুলির ক্লাসে উপস্থিতির ব্যাপারে যত্নবান হতে বলা হচ্ছে।
- সমস্ত SEC এবং IAPWC ক্লাস সংক্রান্ত নোটিফিকেশন কলেজের ওয়েবসাইট ([www.drmsc.ac.in](http://www.drmsc.ac.in)) এবং বিভাগীয় নোটিস বোর্ডে পাওয়া যাবে।

Sd/-

Vice Principal

Dr. Meghnad Saha College